দামুড়হুদায় ইজিবাইকের ধাক্কায় মাদ্রাসা ছাত্র নিহত

চিৎলা মোড়ে অবৈধ ইজিবাইকের ধাক্কায় মাদ্রাসা ছাত্র আলিফ হোসেন নামের এক শিশুর মৃৃত্যু ঘটেছে।

জানা গেছে, দামুড়হুদা উপজেলা সদরের চিৎলা মোড় জামে মসজিদ ও কবরস্থান সংলগ্ন চিৎলা দারুল আরকাম নূরানী মাদরাসা ছাত্র আলিফ হোসেন (৭) মাদরাসা থেকে সকাল সাড়ে ১০ টার দিকে বার হয়ে চিৎলা মেড়ে চায়ের দোকানে কলা- পাউরুটি কিনতে আসেন।

মাদরাসা ছাত্র আলিফ দোকান থেকে কলা – পাউরুটি কিনে মেইন রাস্তা পারাপারের সময় কার্পাসডাঙ্গা থেকে ছেড়ে আসা অবৈধ ইজিবাইক যাত্রী নিয়ে দামুড়হুদার দিকে আসার পথে আলিফ ইজিবাইকের সামনে পড়ে ধ্বাক্কা খেয়ে ছিটকে পড়ে। গাড়িটিও তার গায়ের উপরে পড়লে গাড়ির চাকার একটা লোহার রডে তার মাথায় আঘাত লাগলে ঘটনাস্থলেই মাদরাসা ছাত্র আলিফ হোসেনের মৃত্যু ঘটে।

আলিফ হোসেন চিৎলা নতুন পাড়া গ্রামের দিনমজুর জিয়ার আলির ছেলে ও চিৎলা দারুল আরকাম নুরানী মাদ্রাসার শিশু শ্রেণীর ছাত্র । ঘাতক ইজিবাইক চালক পালিয়ে যায়।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সকাল সাড়ে ১০ টার দিকে আলিফ হোসেন চিৎলা’র মোড় থেকে মাদ্রাসায় যাওয়ার পথে দামুড়হুদা কার্পাসডাঙ্গা সড়কের চিৎলার মোড় নামক স্থানে রাস্তা পার হওয়ার সময় দ্রুত গতিতে অবৈধ ইজিবাইক তাকে ধাক্কা দিলে রোডের উপর ছিটকে পড়ে ঘটনাস্থলেই আলিফ মারা যায়।

মাদ্ররাসা ছাত্র আলিফ যখন ইজিবাইকের ধাক্কায় রাস্তায় ছিটকে পড়ে মারা যান, সেসময় মাদ্ররাসা কাউকেই দেখা যায়নি বরং মাদ্ররাসার যে সকল ছাত্র’রা উপস্থিত ছিলেন সেসকল ছাত্রদের কে মাদ্ররাসা থেকে গাড়িতে তুলে বাড়ি পাঠিয়ে দেন। এবং পরবর্তীতে মাদ্ররাসা বন্ধ দেখা যায়। দামুড়হুদা মডেল থানা পুলিশ ঘাতক ইজিবাইক টি আটক করে নিয়ে গেছেন।

এ বিষয়ে চিৎলা দারুল আরকাম নূরানী মাদ্ররাসা পরিচালক মুফতি রুহুল আমিনের সাথে মুঠোফোনে উপরোক্ত বিষয় জানতে চাইলে মুঠোফোন

বন্ধ পাওয়াই বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।
দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আব্দুল খালেক ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, সংবাদ পেয়ে পুলিশ দ্রুত ঘটনান্থলে পৌঁছালেও ইজিবাইক চালক সটকে পড়ায় তাকে আটক করা সম্ভব হয়নি।

নিহতের পরিবারের পক্ষ থেকে এ বিষয়ে কোন অভিযোগ করা হয়নি। তবে ইজিবাইকটি আটক করে থানায় আনা হয়েছে।

দামুড়হুদায় ছাত্রলীগের ৭৩তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

দামুড়হুদায় পৃথক পৃথক ভাবে বাংলাদেশ ছাত্রলীগের ৭৩তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়েছে।

এ উপলক্ষে দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের আয়োজনে গতকাল সোমবার বিকাল সাড়ে ৪টার দিকে উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত বঙ্গবন্ধুর ম্যুরালে শ্রদ্ধাঞ্জলি জানানো হয়।

পরে দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফুল ইসলাম মল্লিকের সভাপতিত্বে আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু।

বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, আওয়ামী লীগ নেতা সেলিম উদ্দিন বগা, উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হযরত আলি।

দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহম্মেদ রিংকুর সঞ্চালনায় এছাড়াও উপস্থিত ছিলেন, রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ শাখার তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আ:রাজ্জাক, সহ-সম্পাদক ওমর ফারুক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেনা হল শাখা ছাত্রলীগ দফতর সম্পাদক শফিকুল ইসলাম, হাউলি ইউনিয়ন ছাত্রলীগের আহবায়ক রাসেল আহম্মেদ, যুগ্ম-আহবায়ক রায়হান, নাটুদহ ইউনিয়ন শাখার সভাপতি লিমন খান, কুড়লগাছি ইউনিয়ন শাখার সভাপতি রমজানসহ বিভিন্ন ইউনিয়ন

ছাত্রলীগ নেতা উপস্থিত ছিলেন।

অপরদিকে, বাংলাদেশ ছাত্রলীগের ৭৩তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সভাপতি মোহাইমান হাসান জোয়াদ্দার অনিকের নেতৃত্বে গতকাল সোমবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা বাসস্টান্ড চত্বরে আলোচনা সভা ও কেক কাটা হয়।

দামুড়হুদা উপজেলা ছাত্রলীগ নেতা আশিকুজ্জামান বাধনের সভাপতিত্বে আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সহিদুল ইসলাম, বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা যুবলীগের সাবেক আহবায়ক এ্যাড. আবু তালেব, দামুড়হুদা উপজেলা যুবলীগনেতা জাহিদুল ইসলাম। এসময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা ছাত্রলীগ নেতা রিদয়ান, সোহান, জীবন, সাকিব, আকাশ, রাফি, মেহেদীসহ বিভিন্ন ইউনিয়ন ছাত্রলীগ নেতারা।

কুষ্টিয়ার এসপিকে হত্যার হুমকি: থানায় মামলা

কুষ্টিয়ার পুলিশ সুপার (এসপি) এসএম তানভীর আরাফাতকে হত্যার হুমকি দেওয়ায় থানায় মামলা দায়ের করা হয়েছে।

সম্প্রতি এই ঘটনায় জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) এসআই মো. কায়েস মিয়া বাদী হয়ে কুষ্টিয়া মডেল থানায় একটি মামলা দায়ের করেন।

ডিজিটাল নিরাপত্তা আইনে দায়ের করা এই মামলার তদন্তের দায়িত্ব দেওয়া হয়েছে ডিবি পুলিশের ইন্সপেক্টর আশরাফুল আলমকে।

তিনি জানান, বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে এই হুমকি দেয়া হয়েছে। কারা এসব ফেসবুক আইডি ও ইউটিউব চ্যানেল পরিচালনা করে তা শনাক্তে পর্যবেক্ষণ চলছে। খুব দ্রুত তাদেরকে শনাক্ত করে আইনের আওতায় আনা হবে।

মামলা সূত্রে জানা যায়, গত ৫ ডিসেম্বর ও ১৭ ডিসেম্বর কুষ্টিয়ায় বঙ্গবন্ধু ও বাঘা যতীনের ভাস্কর্য ভাঙচুরের ঘটনা ঘটে। দু’টো

ঘটনায় দ্রুত জড়িতদের গ্রেফতারের মাধ্যমে আইনের আওতায় আনা হয়। উভয় ঘটনায় জড়িতরা এখন কারান্তরীন।

এরপর গত ২১ ডিসেম্বর জেলার কুমারখালী উপজেলার কয়া কলেজে সাধারণ নাগরিক পরিষদের ব্যানারে ভাস্কর্যে হামলার ঘটনায় আয়োজিত এক প্রতিবাদ সভায় বক্তব্য দেন এসপি তানভীর আরাফাত।

সেখানে তার দেয়া বক্তব্যের ছবি ও ভিডিও আংশিকভাবে সামাজিক যোগাযোগাম মাধ্যমে উদ্দেশ্য প্রণোদিতভাবে প্রচার করছে একদল দুর্বৃত্ত। সেখানে এসপি তানভীর আরাফাতকে হত্যার হুমকি দেয়া হচ্ছে। এমন ১৭টি ফেসবুক আইডি ও ১টি ইউটিউব চ্যানেলের কথা মামলায় উল্লেখ করা হয়েছে।

চুয়াডাঙ্গায় অন্তঃসত্ত্বা স্ত্রীকে হত্যার অভিযোগ

চুয়াডাঙ্গা সদর উপজেলার বালিয়াকান্দি গ্রামে স্বামী-শাশুড়ির নির্যাতনে রুমানা খাতুন (২৪) নামের এক গৃহবধূর মৃত্যু হয়েছে বলে অভিযোগ উঠেছে। সে আট মাসের অন্তঃসত্ত্বা ছিলো।

রবিবার রাতে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে তার মৃত্যু হয়। মৃত্যুর পর কৌশলে হাসপাতাল থেকে সটকে পড়ে স্বামীপক্ষ। নিহত রুমানা খাতুন বালিয়াকান্দি গ্রামের সাইদুর রহমানের স্ত্রী এবং একই উপজেলার রনগোহাইল গ্রামের মগরেব মিস্ত্রির মেয়ে।

রুমানার মা ছেরে বেগম অভিযোগ করেন, রবিবার বিকালে খবর দেয়া হয় রুমানা অসুস্থ, তাকে হাসপাতালে নেয়া হয়েছে। খবর পেয়ে হাসপাতালে এলে মেয়ের মৃতদেহ দেখতে পান তারা। পরে কৌশলে বাবা-মায়ের কাছে রুমানার লাশ দিয়ে সটকে পড়ে তার স্বামী পক্ষের লোকজন।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. সাজিদ হাসান বলেন, লাশের ময়নাতদন্ত করলেই সঠিক বিষয়টি জানা যাবে।

এ মাসেই বাংলাদেশে করোনাভাইরাসের টিকা চলে আসবে : হানিফ

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ সদর আসনের সংসদ সদস্য মাহবুব-উল আলম হানিফ বলেছেন, একটি কোম্পানির সঙ্গে সরকারের চুক্তি হয়েছে। এ মাসেই বাংলাদেশে করোনাভাইরাসের টিকা চলে আসবে। এই টিকা যাতে জনগণ বিনামূল্যে পেতে পারে সে পদক্ষেপ নিচ্ছে সরকার। এই লক্ষ্যে সরকারি তহবিল গঠন করা হয়েছে।

সোমবার দুপুরে কুষ্টিয়া পিটিআই রোডে এমপির নিজ বাসভবনে সদ্য জেলা কমিটির নেতৃবৃন্দের শুভেচ্ছা বিনিময়কালে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি।

করোনার টিকা নিয়ে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলামের বক্তব্যের সমালোচনা করে হানিফ বলেন, তার আস্থা না থাকলেও ভ্যাকসিন নিয়ে সরকারের প্রতি জনগণের আস্থা রয়েছে। শুধু কথা বলার জন্যই তিনি বলেন। ক্লাব থেকে ভ্যাকসিনের প্রাপ্তদের তালিকা করার কথা শুনেছেন ফখরুল। তার কানে জনগণের কথা পৌঁছায় না।

আওয়ামীলীগের এই নেতা আরও বলেন, পাকিস্তান প্রেমীদের জন্য কষ্টদায়ক যে, বাংলাদেশের রিজার্ভ দ্বিগুণ পেরিয়ে গেছে। গত ১০ বছরে শেখ হাসিনার সরকার ৬ বিলিয়ন ডলার থেকে ৪৩ বিলিয়ন ডলারে পৌছে গেছে। যেখানে পাকিস্তানের রিজার্ভ ২০ বিলিয়ন ডলার।

এসময় কুষ্টিয়া জেলা আওয়ামীলীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান, সাধারণ সম্পাদক আজগর আলী, সিনিয়র সহসভাপতি হাজী রবিউল ইসলামসহ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

পরে তিনি কুষ্টিয়া জেলা ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচিতে যোগ দেন।

৭৫ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি পেলো কুষ্টিয়া জেলা আ’লীগ

কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের পূর্ণাঙ্গ কমিটি অনুমোদন দেওয়া হয়েছে। দলীয় সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের ৭৫ সদস্য বিশিষ্ট কমিটির অনুমোদন দেন।

কুষ্টিয়া জেলা আওয়ামীলীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান, সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আজগর আলী সহ পূর্নাঙ্গ কমিটির সকলে বাংলাদেশ আওয়ামীলীগের সভাপতি জননেত্রী শেখ হাসিনা ও যুগ্ম সাধারণ সম্পাদক জননেতা মাহবুব-উল-আলম হানিফ এমপির প্রতি বিশেষ কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

পূর্ণাঙ্গ নতুন কমিটিতে যারা জায়গা পেয়েছে : সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান, সহ-সভাপতি হাজী রবিউল ইসলাম, জাহিদ হোসেন জাফর, মিসেস লায়লা আরজুমান বানু, শেখ গিয়াস উদ্দিন আহমেদ মিন্টু, চৌধুরী মুরশেদ আলম মধু, মোঃ হাবিবুল্লাহ, বেগম নূরজাহান মিনা, মতিয়ার রহমান মজনু, ডাঃ আমিনুল হক রতন, নাসির উদ্দিন আহম্মেদ, অ্যাড. অনুপ কুমার নন্দী, সাধারণ সম্পাদক মোঃ আসগর আলী, যুগ্ম সাধারণ সম্পাদক স্বপন কুমার ঘোষ, শেখ হাসান মেহেদী, প্রকৌশলী ফারুক উজজামান, আইন বিষয়ক সম্পাদক অ্যাড. হারুন অর রশিদ, কৃষি বিষয়ক সম্পাদক লিয়াকত আলী, তথ্য ও গবেষনা বিষয়ক সম্পাদক হাজী রাশেদুল ইসলাম বিপ্লব, ত্রান ও সমাজ কল্যান সম্পাদক মতিয়ার রহমান মতি,

দপ্তর সম্পাদক আলহাজ্ব তরিকুল ইসলাম মানিক, ধর্ম বিষয়ক সম্পাদক আলহাজ্ব সেলিনুর রহমান, প্রচার ও প্রকাশনা সম্পাদক রুহুল আজম, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক মীর শওকত আলী বকুল, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মোমিনুর রহমান মোমিজ, মহিলা বিষয়ক সম্পাদক এড. শিলা বসু, মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক মানিক কুমার ঘোষ, যুব ও ক্রীড়া সম্পাদক খন্দকার ইকবাল মাহমুদ, শিক্ষা ও মানবসম্পদ বিষয়ক

সম্পাদক অ্যাড. নাসরিন সুলতানা সুইটি, শিল্প ও বানিজ্য বিষয়ক সম্পাদক আফাজ উদ্দিন আহম্মেদ জিন্নাহ, শ্রম বিষয়ক সম্পাদক গোলাম মোস্তফা, সংস্কৃতি বিষয়ক সম্পাদক আমিরুল ইসলাম, স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক ডাঃ একেএম মুনির, সাংগঠনিক সম্পদক আমজাদ হোসেন রাজু, অ্যাড. হাসানুল আসকার হাসু, মাযহারুল আলম সুমন, উপ-দপ্তর সম্পাদক শাহাজ্জুল হোসেন, উপ-প্রচার ও প্রকাশনা সম্পাদক আব্দুল লতিফ দীঘা, কোষাধ্যক্ষ অজয় সুরেখা।

সদস্যবৃন্দ মোঃ আনোয়ার আলী, আফাজ উদ্দিন আহমেদ,অ্যাড. আসম আখতারুজ্জামান মাসুম, আলহাজ্ব আমিরুল ইসলাম, তাইজাল আলী খান, মিসেস সুলতানা তরুন, আব্দুর রউব, অ্যাড. আঃকাঃমঃ সরওয়ার জাহান বাদশাহ্, সেলিম আলতাফ জর্জ, বেগম রাশিদা লাইট, আব্দুল মান্নান খান, রেজাউল হক চৌধুরী, রফিকুল আলম চুন্নু, অ্যাড. শরীফ উদ্দিন রিমন, শামসুজ্জামান অরুন, রবিউল ইসলাম রবি, আলহাজ্ব আক্তারুজ্জামান মিঠু, আলহাজ্ব অ্যাড. আব্দুল হালিম, শফিউর রহমান মন্টু, কামারুল আরেফিস,

আক্তারুজ্জামান বিশ্বাস, আনোয়ারুজ্জামান মজনু, আতাউর রহমান আতা, বাবুল আক্তার, প্রভাষক তারিকুল ইসলাম, এড. জিয়াদুল ইসলাম, আরিফুল ইসলাম তসর, আলহাজ্ব শামীম উল ইসলাম ছানা, অধ্যক্ষ আব্দুর রাজ্জাক রাজা, রহিম উদ্দিন খান, আব্দুর রউফ পদ্মা, হাবিবুল হক পুলক, সুফী ফারুক ইবনে আবু বকর, আবুহেনা মোস্তফা কামাল মকুল, নাসির উদ্দিন মৃধা, রেজাউল হক।

৭৫ সদস্য বিশিষ্ট কুষ্টিয়া জেলা আওয়ামীলীগের পুর্ণাঙ্গ কমিটি জননেতা মাহবুবউল আলম হানিফ এমপি কুষ্টিয়ায় এসে আনুষ্ঠানিক ভাবে ঘোষনা দেন।

স্বতন্ত্র প্রার্থী মেয়র আশরাফুল ইসলামের সাংবাদিকদের

সাথে মতবিনিময়

আসন্ন গাংনী পৌরসভা নির্বাচনে সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন স্বতন্ত্র প্রার্থী মেয়র আশরাফুল ইসলাম। সোমবার বেলা ১১ টার দিকে তার নিজস্ব বাসভবনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে আসন্ন নির্বাচনে প্রচারণায় বাঁধার সম্মুখীন ও কর্মীদের হুমকী ধামকী দেয়া হচ্ছে বলে দাবী করেন। সেই সাথে তুলে ধরেন বিগত দিনের উন্নয়ন।

আশরাফুল ইসলাম বলেন, আওয়ামী লীগের মনোনীত প্রার্থী আহম্মেদ আলীর (নৌকা প্রতীক) সমর্থকরা আমার কর্মী ও সমর্থকদের বিভিন্নভাবে ভীতি প্রদর্শন করে চলেছেন।

গত রোববার আমার বাড়ীর সম্মুখে নির্বাচনী অফিসে এসেও কর্মী সমর্থকদের ভয়ভীতি দেখিয়ে গেছেন। এ ছাড়াও প্রচার মাইক ভাংচুর করা হয়েছে বলেও জানান আশরাফুল ইসলাম।

তিনি আরো জানান, বর্তমান নৌকার প্রার্থী বিরোধী দলীয় বিএনপি’র সাথে হাত মিলিয়ে আমি যাতে পৌর নির্বাচনে জয়লাভ না করতে পারি তা নিয়ে ব্যস্ত রয়েছেন। যার ফলে বিএনপি নির্বিঘ্নে প্রচারণা চালিয়ে গেলেও আমি ও আমার লোকজন প্রচারণা চালাতে পারছিনা। বিষয়টি সংশ্লিষ্ট দপ্তরের হস্তক্ষেপ কামনা করেছেন।

অপরদিকে বিগত দিনের উন্নয়ন তুলে ধরে তিনি বলেন, নিরলসভাবে পরিশ্রম ও প্রচেষ্টার মাধ্যমে পৌরসভাকে দ্বিতীয় শ্রেণিতে উন্নিত করেছেন। এ ছাড়াও পাঁকা সড়ক নির্মাণ, সড়ক বাতি, ড্রেনেজ ব্যবস্থাসহ পৌরবাসীদের সেবাদানে সর্বাত্মক চেষ্টা করেছেন। নির্বাচনে বিজয়ী হলে উন্নয়নের এ ধারা অব্যাহত থাকবে বলেও প্রতিশ্রুতি দেন তিনি।

তিনি বলেন, দ্বিতীয় বারের মতো নির্বাচিত হলে পৌরবাসীরা বাড়ি থেকে পা ফেল্লেই পৌরসভার উন্নয়নের স্পর্শ পাবেন।

নাগরিকট্যাক্স বিষয়ে তিনি বলেন নাগরিকদের দেয়া ট্যাক্স ই নির্ভর করে পৌরসভার গ্রেড ও বরাদ্দ। যে পৌরসভায় যত পরিমান ট্যাক্স আদায় হবে সরকারিভঅবে সেই পৌরসভার বরাদ্দ তত বেশি। পৌরবাসির উদ্দেশ্যে মেয়র আশরাফুল ইসলাম বলেন ট্যাক্স মৌকুফ চান? নাকি

পৌর সভার উন্নয়ন চান? আপনাদের দেয়া কয়েকটি টাকা ট্যাক্স আপনার পৌরসভার চিত্র বদলাতে সহায়তা করছে। ট্যাক্স মৌকুফের প্রলোভনে আপনার মুল্যবান ভোট বুঝে শনে দেবার চেষ্টা করবেন বলে ভোটারদের আহব্বান করেন পৌর মেয়র।

এছাড়াও মতবিনিয় সভায় পৌর সভায় বিভিন্ন উন্নয়নের জন্য প্রায় ৭৬ কোটি টাকার কাজ চলমান রয়েছে। আমি যদি আগামী নির্বাচনে নির্বাচিত না হতে পারি তবে যিনি মেয়র হিসেবে দায়িত্ব নেবেন তিনি যেন চলান কাজ গুলি সঠিক বাস্তবায় করে পৌর নাগরিক সুবিধা বৃদ্ধি করেন এমন আহবান রেখে মত বিনিময় সভা শেষ করেন।

মতবিনিময় সভায় বিভিন্ন ইলেক্ট্রীক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

১০ জনকে চাকরি দেবে অলিম্পিক সিমেন্ট

অলিম্পিক সিমেন্ট লিমিটেডে ‘এক্সিকিউটিভ/সিনিয়র এক্সিকিউটিভ’ পদে ১০ জনকে নিয়োগ দেওয়া হবে। আগ্রহীরা আগামী ২৫ জানুয়ারি পর্যন্ত আবেদন করতে পারবেন।

প্রতিষ্ঠানের নাম: অলিম্পিক সিমেন্ট লিমিটেড
বিভাগের নাম: সেলস অ্যান্ড মার্কেটিং

পদের নাম: এক্সিকিউটিভ/সিনিয়র এক্সিকিউটিভ
পদসংখ্যা: ১০ জন
শিক্ষাগত যোগ্যতা: স্নাতকোত্তর/স্নাতক/এমবিএ ইন মার্কেটিং অভিজ্ঞতা: ০২-০৫ বছর
বেতন: আলোচনা সাপেক্ষে

চাকরির ধরন: ফুল টাইম
প্রার্থীর ধরন: পুরুষ
বয়স: ২৫-৩০ বছর

কর্মস্থল: যেকোনো স্থান

আবেদনের নিয়ম: আগ্রহীরা www.jagojobs.com/sales-marketing এর মাধ্যমে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ সময়: ২৫ জানুয়ারি ২০২১

সূত্র: জাগোজবস ডটকম

মেহেরপুরে ২য় স্ত্রী হত্যা মামলায় স্বামীসহ ১ম স্ত্রীর ফাঁসি

মেহেরপুরে জরিনা খাতুন নামের এক গৃহবধুকে হত্যার দায়ে স্বামীসহ প্রথম স্ত্রীর ফাঁসির আদেশ দিয়েছেন আদালত।

সোমবার সকাল ১১ টার দিকে মেহেরপুরের অতিরিক্ত জেলা জজ রিপতি কুমার বিশ্বাস এ রায় ঘোষনা করেন।

ফাঁসির দন্ড প্রাপ্ত আসামীরা হলেন, সদর উপজেলার যাদবপুর গ্রামের নবীছদ্দীনের ছেলে সাইদুল ইসলাম ও তার ১ম স্ত্রী জমেলা খাতুন। এ রায় ঘোষনার সময় আসামীরা পলাতক ছিলেন।

মামলা এজাহারে জানা গেছে, ২০১০ সালে সদর উপজেলার যাদবপুর গ্রামের সাইদুল ইসলাম ও তার ১ম স্ত্রী জমেলা খাতুন দুজনে মিলে ২য় স্ত্রী জরিনা খাতুনকে হত্যার পর একটি আলুক্ষেতের মধ্যে পুতে রাখে। কয়েকদিন পর পুলিশ লাশ উদ্ধার করে।

এ ঘটনায় ২০১০ সালের ৬ জানুয়ারি হাবিবুর রহমানের স্ত্রী ও জরিনা খাতুনের বোন ফেরদৌসি খাতুন বাদী হয়ে ৫ জনের বিরুদ্ধে মেহেরপুর থানায় একটি হত্যা মামলা দায়ের করে। ঘটনায় জড়িত সন্দেহে সাইদুল ইসলাম ও তার ১ম স্ত্রী জমেলা খাতুনকে আটকের পর আদালতে নেয়া হলে তারা ১৬৪ ধারায় দোষ শিকার করে জবান বন্দি দেন।

ঘটনার সাথে জড়িত না থাকায় ৩ জনকে চার্জশীট থেকে অব্যহতি দেয়া হয়। মামলায় ১৪ জন সাক্ষী আদালতের তাদের সাক্ষ্য প্রদান করেন। আসামিদের জবানবন্দী, সাক্ষ্যগ্রহণ ও দীর্ঘ পর্যালোচনা শেষে আদালত এ আদেশ দেন।

মামলায় সরকার পক্ষে অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর কাজী শহিদুল হক এবং আসামি পক্ষে নারগিস আরা আইনজীবীর দায়িত্ব পালন করেন।

আলমডাঙ্গার কুলপালায় ব্যাডমিন্টন টুর্নামেন্টে

আলমডাঙ্গার চিৎলা ইউনিয়নের কুলপালায় ব্যাডমিন্টন খেলার আয়োজন করা হয়েছে। খেলাটি শুধুমাত্র চিৎলা ইউনিয়ন এর জন্য প্রযোজ্য।

খেলাটিতে অংশগ্রহণ করেছে মোট ১৬ টি দল। গতকাল রবিবার উদ্বোধনী ম্যাচ হয়েছে। এসময় সভাপতিত্ব করেন আওয়ামী লীগ নেতা হারেজ মিয়া।

এছাড়াও উপস্থিত ছিলেন, প্রধান অতিথি জনাব শাহ আব্দুল বাতেন, বিশেষ অতিথি তুগ্রিল খান বাবু, সোহেল শাহ্, রইছ উদ্দিন মাস্টার, ৯ নম্বর ওয়ার্ডের সাধারণ সম্পাদক মুজিবুর রহমান, নজির শেখ, টিপু মিয়া, জয়েদ শেখ, ওয়ার্ড আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মমিন শামসুদ্দিন মল্লিক, মতি শেখ, হিটলার শেখ, রাজিব শেখ, নাজমুল শাহ, কাউসার, হামিদ, ফারুক আহমেদ প্রমুখ।